ECHO OF HIS CALL

আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAANS

ESTD: 1969

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. Anjan Kumar Singh

Vol. XX | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2018 NOVEMBER | No.12

পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ১৬ : ১-৮

১। হে ঈশ্বর, আমাকে রক্ষা কর, কেননা আমি তোমার শরণ লইয়াছি।

২। আমি সদাপ্রভুকে বলিয়াছি তুমিই আমার প্রভু; তুমি ব্যতীত আমার মঙ্গল নাই।

৩। পৃথিবীতে যে পবিত্র ব্যক্তিগণ থাকেন, তাঁহারা আদরণীয়, আমার সমস্ত প্রীতির পাত্র।

৪। যাহারা অন্য (দেবতাকে) উপহার দেয়, তাহাদের যাতনা বৃদ্ধি পাইবে; রক্তরূপ তাহাদের পেয় নৈবেদ্য আমি উৎসর্গ করিব না, আপন অষ্ঠাধরে তাহাদের নাম লইব না।

৫। সদাপ্রভু আমার দায়াংশ ও আমার পানপাত্র; তুমিই আমার অধিকার স্থায়ী করিতেছ।

৬। আমার জন্য মানরজ্জু মনোহর স্থানে পড়িয়াছে, আমার অধিকার আমার পক্ষে শোভাযুক্ত।

৭। আমি সদাপ্রভুর ধন্যবাদ করিব, তিনিই আমাকে মন্ত্রণা দিয়াছেন, রাত্রিতেও আমার চিত্ত আমাকে প্রবোধ দেয়।

৮। আমি সদাপ্রভুকে নিয়ত সম্মুখে রাখিয়াছি; তিনি ত আমার দক্ষিণে, আমি বিচলিত হইব না।

ভ্রান্তির অধীনস্থ লোকেরা !

আবার, হে ভ্রাতৃগণ, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের আগমন ও তাঁহার নিকটে আমাদের সংগৃহীত হইবার বিষয়ে তোমাদিগকে এই বিনতি করিতেছি; তোমরা কোন আত্মা দ্বারা, বা কোন বাক্য দ্বারা, অথবা, আমরা লিখিয়াছি মনে করিয়া কোন পত্র দ্বারা, মনের স্থিরতা হইতে বিচলিত বা উদ্বিগ্ন হইও না, ভাবিও না যে প্রভুর দিন উপস্থিত হইল।

"কেহ কোন মতে যেন তোমাদিগকে না ভুলায়; কেননা প্রথমে সেই ধর্ম্ম-ভ্রষ্টতা উপস্থিত হইবে, এবং সেই পাপপুরুষ, সেই বিনাশ সন্তান, প্রকাশ পাইবে" (২ তীমথিয় ২:১-৩)।

কিছু সংখ্যক ঈশ্তাত্ত্বিক বিশ্বাস করেন যে "প্রভুর দিন" বলতে পৌল এখানে শেষ বিচারের কথা উল্লেখ করেছেন। যাইহোক, অসংখ্য পণ্ডিত তদের সঙ্গে আমি বিশ্বাস করি যে পৌল এখানে খ্রীষ্টের দ্বিতীয় আগমনের বিষয় বলেছেন। আর পৌল এখানে বলেছেন যে যতক্ষণ না দুটি ঘটনা ঘটবে ততক্ষণ যীশুর দ্বিতীয় আগমন ঘটবে না:

১। মহা ধর্মভ্রষ্টতা উপস্থিত হবে। অনেকে যারা ঈশ্বরকে জানতো তারা সুসমাচারের সত্য থেকে দূরে চলে যাবে।

২। খ্রীষ্টারী, অথবা পাপপুরুষ "প্রকাশিত হবে"। যীশুর প্রত্যেক প্রেমিকের কাছে এটা স্পষ্ট হওয়া উচিত যে "পতিত হওয়ার বিষয়টি" ইতিমধ্যেই ঘটছে। গত বেশ কয়েক দশক যাবৎ খ্রীষ্টানদের সঙ্গে সঙ্গে আজকের দিনের অসংখ্য বিশ্বাসীরা, ঈশ্বরের প্রতি তাদের ভালোবাসার বিষয়ে শীতল হয়ে যাচ্ছে। এই কথা মনে রেখে, আমি পৌলের দ্বিতীয় বিষয়টির প্রতি আমাদের মনোযোগ কেন্দ্রীভূত করতে চাই — সদাপ্রভুর দিন ততক্ষণ আসবে না যতক্ষণ না **"সেই পাপ পুরুষ প্রকাশিত হবে।"**

পৌল এই উক্তিটির দ্বারা ঠিক কী বুঝাতে চেয়েছিলেন? তিনি কি বলতে চেয়েছিলেন যে খ্রীষ্টারী যতক্ষণ না এই জগতের শাসক হিসাবে নিজেকে সিংহাসনে অধিষ্ঠিত করবে এবং আমরা সকলে যতক্ষণ না তার পরিচিতি জানতে পারবো ততক্ষণ তিনি আসবেন না? আমি সেটা মনে করি না। পৌল জানতেন যে খ্রীষ্ট যে কোনও মূহুর্তে আসতে পারেন। প্রভু যীশু নিজে বলেছিলেন যে যখন কেউ আশা করবে না, তখন চোখের পলকে তিনি আসবেন।

আমি বিশ্বাস করি যে পৌলের ব্যবহৃত "প্রকাশিত হইবে" শব্দটির মধ্যে আমরা অর্থটির মূল চাবি খুঁজে পাব। গ্রীক ভাষায় এখানে অর্থটি হচ্ছে "আচ্ছাদন খুলে যাওয়া"। আমি বিশ্বাস করি পৌল বলছেন, "যতক্ষণ না খ্রীষ্টারীর সম্পূর্ণ পরিকল্পনা এবং কার্যাবলী প্রকাশিত হবে এবং মণ্ডলী যতক্ষণ না সেই বিষয়গুলি সম্পর্কে সচেতন হবে ততক্ষণ প্রভু যীশু আসবেন না।

অবশ্যই পবিত্র শাস্ত্রে ইতিমধ্যেই খ্রীষ্টারীর

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)

★ ২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ ★

Touching lives by Teaching ... SINCE 1969

আহ্বানের প্রতিধ্বনি

ইংরাজী, তামিল, মালয়ালাম, তেলুগু, হিন্দী, মারাঠী, কন্নড়, বাংলা, গুজরাটী, ওড়িয়া, নেপালী, অসমীয়া, পাঞ্জাবী, উর্দু, সিংহলী এবং আফ্রিকান ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা)

"কারণ সেই দিন নিকটবর্ত্তী, হাঁ, সদাপ্রভুর দিন, সেই মেঘাড়ম্বরের দিন নিকটবর্ত্তী; তাহা জাতিগণের কাল হইবে (যিহিষ্কেল ৩০:৩)।

প্রভুতে প্রিয় ভ্রাতা এবং ভগ্নিগণ,

আমাদের প্রভু এবং জগতের ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

আমরা জানি যে আপনাদের মধ্যে অনেকেই আগ্রহের সঙ্গে এই মাসিক পত্রিকাটি প্রত্যাশা করেন। আমরা আরও জানি যে আপনারা এই পত্রিকার মাধ্যমে সারা মাসের আত্মিক মান্না লাভ করেন। আমরা ইংরাজী, তামিল, মালয়ালাম, তেলুগু, হিন্দি, কন্নড়, মারাঠী, অসমিয়া, বাংলা, উর্দু, গুজরাটী, নেপালী, উড়িয়া, পাঞ্জাবী, সিনহলা এবং আফ্রিকান ভাষায় যে ফোন কল, এস এম এস বার্তা এবং ইমেল পত্রগুলি পাই ,তারা যখন সকলে বলেন যে তারা আত্মিকভাবে আশীর্ব্বাদযুক্ত হয়েছেন, তখন আমরা বুঝতে পারি যে এই সমস্ত লোকের কাছে আমাদের পত্রিকাটি খুবই সহায়ক। সুতরাং আমরা যখন দিনরাত অক্লান্ত পরিশ্রম করি, আমাদের আর্থিক অবস্থার সঙ্গে, অসুস্থতা, কর্মীর অভাব, সামাজিক এবং রাজনৈতিক প্রতিকূল পরিস্থিতিগুলির সঙ্গে আত্মিক যুদ্ধ করি, তখন আমরা নিরুৎসাহিত হই না।

আমরা এই বিষয়টি উপলব্ধি করে দুঃখিত হই যে অসংখ্য ঈশ্বরের সন্তানগণ প্রভুর পরিচর্যা কাজের সঙ্গে নিজেদের যুক্ত করতে এবং আগ্রহ দেখাতে চান না, যখন তারা জাগতিক উন্নতি, জাগতিক সুখ এবং আমোদ-প্রমোদ এবং পরিবারের উদ্‌যাপনগুলির সঙ্গে যুক্ত হন এবং কাজ করেন। কিন্তু গত ৫০ বছর যাবৎ কোনও বিশ্রাম না নিয়ে কঠোর পরিশ্রম করার ফল আমরা দেখতে সক্ষম হয়েছি। আমরা কখনও দায়িত্বহীন হইনি এবং আমরা কখনও ঈশ্বরের রবকে অথবা ঈশ্বরের ইচ্ছাকে অবহেলা করিনি যদিও বর্তমানে নিয়ম-কানুনগুলি লোকদের কাছে সত্য প্রকাশে আমাদের সামনে বাধাজনক হচ্ছে; তথাপি আমরা অগ্রসর হচ্ছি!

এই পৃথিবীর অনেক দেশ এমন জীবনধারা অনুশীলন করার বিষয়টি অনুমোদন করেছে এবং শুরু করেছে যা পবিত্র বাইবেল গ্রাহ্য করে না। বাইবেলে যখন 'সমকামিতাকে' ঈশ্বরের সম্মুখে একটি ঘৃণ্য বিষয় হিসাবে অভিহিত করা হয়েছে, যে জীবনধারাটি প্রকাশ্যে আলোচনা করা যায় না তা আমাদের দেশ, ভারতবর্ষ সহ অসংখ্য দেশগুলি গ্রহণ করেছে। ভারতের লোকেরা বিবাহ বহির্ভূত যৌন কার্যকলাপ অপরাধ না হওয়ার বিষয় সাম্প্রতিক একটি রায়ে অসহনীয় দুঃখ অনুভব করছে।

আজকের পাস্টর এবং মণ্ডলীগুলি এই বিষয়গুলি নিয়ে আলোচনা না করার বিষয়টি ভাল, কিন্তু এই বিষয়গুলিকে উপেক্ষা করুন, এই রায়গুলিকে কোনও গুরুত্ব দেবেন না। ঈশ্বরের লোকদের মধ্যে এই বিষয়গুলি নিয়ে আলোচনা করার দ্বারা আমাদের বিষয়গুলিকে বিজ্ঞাপিত করা উচিত নয়। বর্তমান পরিস্থিতিগুলিতে ঈশ্বরের লোকদের এটাই কর্ত্তব্য। ঈশ্বর এই পরিস্থিতিগুলিকে পরিবর্তিত করবেন। তামিল ভাষায় একটি প্রবাদ আছে: 'ডাকাতির বিষয় জানুন এবং ভুলে যান'। কিন্তু আমরা ১ করিন্থীয় ২:২ পদে পাঠ করি, "কেননা আমি মনে স্থির করিয়াছিলাম, **তোমাদের মধ্যে আর কিছুই জানিব না, কেবল যীশু খ্রীষ্টকে, এবং তাঁহাকে ক্রুশে হত বলিয়াই জানিব**"। ১ করিন্থীয় ১০:১-১২ পদে আমরা পাঠ করি, "কারণ হে ভ্রাতৃগণ, আমার ইচ্ছা নয় যে, তোমরা অজ্ঞাত থাক যে, আমাদের পিতৃপুরুষেরা সকলে সেই মেঘের নীচে ছিলেন, ও সকলে সমুদ্রের মধ্যে দিয়া গমন করিয়াছিলেন; এবং সকলে মোশির উদ্দেশে মেঘে এবং সমুদ্রে বাপ্তাইজিত হইয়াছিলেন, এবং সকলে একই ভক্ষ্য ভোজন

CHIEF EDITORS
Pastor S. Sam Selva Raj
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.
MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
ADMINISTRATION
Bro. N. Prakasam, M.A., General Manager
EDITORIAL BOARD
Sis. Jesy Veena Sam
Bro. M. Paulraj, M.A., B.Ed.
Sis. Serena Bevin, M.A., M. Phil., B.Ed.
Bro. J. R. Jayabalan
ADVISORY BOARD
Bro. N. Balaji, B.Com., B.L.
Dr. S. Rabinder Boaz, M.S.
Er. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM)
Dr. D. Dhaya Devadas
Bro. Jose Abraham
Bro. K. Puratchivendan, M.Com., B.L.
Bro. Thomas T. Jacob, B.Com., B.L.

PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+91-44) 2852 8282
2852 9293, 2854 7766
Email : sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
Websites :
www.echoofhiscall.org
www.echoofhiscall.com

Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners Village English High School Crusades 24 Hour Prayer Ministry Community Development

করিয়াছিলেন;আর, সকলে একই আত্মিক পেয় পান করিয়াছিলেন;কারণ, তাঁহারা এমন এক আত্মিক শৈল হইতে পান করিতেন, যাহা তাহাদের সঙ্গে সঙ্গে যাইতেছিল;আর সেই শৈল খ্রীষ্ট। কিন্তু তাঁহাদের মধ্যে অধিকাংশ লোকের প্রতি ঈশ্বর প্রীত হন নাই ; ফলতঃ তাঁহারা প্রান্তরে নিপাতিত হইলেন। "এই সকল বিষয় আমাদের দৃষ্টান্তস্বরূপে ঘটিয়াছিল, যেন তাঁহারা যেমন অভিলাষ করিয়াছিলেন, আমরা তেমনি মন্দ বিষয়ের অভিলাষ না করি। আবার যেমন তাঁহাদের মধ্যে কতক লোক হইয়াছিল, তোমরা তেমনি প্রতিমাপূজক হইও না; যথা লিখিত আছে,' লোকেরা ভোজন পান করিতে বসিল, পরে ক্রীড়া করিতে উঠিল।' আর যেমন তাঁহাদের মধ্যে কতক লোক ব্যভিচার করিয়া ছিল, এবং এক দিনে তেইশ হাজার লোক মারা পড়িল, আমরা যেন তেমনি ব্যভিচার না করি;আর যেমন তাঁহাদের মধ্যে কতক লোক খ্রীষ্টকে পরীক্ষা করিয়াছিল, এবং সর্পের দ্বারা বিনষ্ট হইয়াছিল, আমরা যেন তেমনি প্রভুর পরীক্ষা না করি; । আর যেমন তাঁহাদের মধ্যে কতক লোক বচসা করিয়াছিল, এবং সংহারকের দ্বারা বিনষ্ট হইয়াছিল, তোমরা তেমনি বচসা করিও না। এই সকল তাহাদের প্রতি দৃষ্টান্তস্বরূপে ঘটিয়াছিল, এবং আমাদেরই চেতনার জন্য লিখিত হইল; আমাদের, যাহাদের উপরে যুগকলাপের অন্ত আসিয়া পড়িয়াছে। অতএব যে মনে করে, আমি দাঁড়াইয়া আছি, সে সাবধান হউক, পাছে পড়িয়া যায়"।

ইফিষীয় ৫:৩-৮ পদে আমরা আরও পাঠ করি, "কিন্তু বেশ্যাগমনের ও সর্ব্বপ্রকার অশুদ্ধতার বা লোভের নামও যেন তোমাদের মধ্যে না হয়, যেমন পবিত্রগণের উপযুক্ত। আর কুৎসিত ব্যবহার এবং প্রলাপ কিম্বা শ্লেষোক্তি, এই সকল অনুচিত ব্যবহার যেন না হয়, বরং যেন ধন্যবাদ দেওয়া হয়। কেননা তোমরা নিশ্চয় জানিতেছ, বেশ্যাগামী কি অশুদ্ধাচারী কি লোভী - সে ত প্রতিমাপূজক — কেহই খ্রীষ্টের ও ঈশ্বরের রাজ্যে অধিকার পায় না। অনর্থক বাক্য দ্বারা কেহ যেন তোমাদিগকে না ভুলায়; কেননা এই সকল দোষ প্রযুক্ত অবাধ্যতার সন্তানগণের উপরে ঈশ্বরের ক্রোধ বর্ত্তে। অতএব তাহাদের সহভাগী হইও না;কারণ তোমরা এক সময়ে অন্ধকার ছিলে, কিন্তু এখন প্রভুতে দীপ্তি হইয়াছ;দীপ্তির সন্তানদের ন্যায় চল"।

বাইবেলে যেমন বলা হয়েছে, সমগ্র জগৎ মাংসের এবং দিয়াবলের অধীনে এসেছে। এমনকী যে সন্তানেরা জানে না কোনটা দক্ষিণ হস্ত এবং কোন্টা বাম হস্ত তাদের মতো জ্ঞানী এবং শিক্ষিত লোকেরাও চিরকাল প্রজ্বলিত অগ্নিহ্রদের মধ্যে চলে যাবে।

ঈশ্বরের কাছে সম্পূর্ণ উৎসর্গিকৃত লোকই একমাত্র উপায়

সমগ্র জগতকে মহাবিপদ থেকে উদ্ধার করার পরিবর্তে, বর্তমান মণ্ডলীগুলি তাদের নিজেদের রাজ্যগুলি গড়ে তোলার উপর মনোনিবেশ করছে। আজকের মণ্ডলীগুলির লক্ষ্য হচ্ছে উচ্চদুর্গ নির্মাণ করা, যত অধিক সম্ভব সম্পদ পুঞ্জীভূত করার চেষ্টা করা, অন্য মণ্ডলীগুলি থেকে বিশ্বাসীদের তাদের মণ্ডলীতে টেনে আনার জন্য উদ্যোগ গ্রহণ করা। মণ্ডলীগুলির মধ্যে এই ধরণের বিষয়গুলি লক্ষ্য করা কি বেদনাদায়ক বিষয় নয় যা কেবল এই বিষয়গুলিকে মহা গুরুত্বই দেয়না, কিন্তু অন্যান্য মণ্ডলী থেকে বিশ্বাসীদের চুরি করে তাদের মণ্ডলীতে নিয়ে আসার এবং এই ধরণের জাগতিক বিষয়গুলিকে তাদের মণ্ডলীর মধ্যে নিয়ে আসার জন্য প্রশিক্ষণ দেয় এবং পরিকল্পনাগুলি তৈরী করে। কেবল মণ্ডলীই সহভাগিতার মধ্যে লোকদের একত্রিত করতে পারে। প্রত্যেক ঈশ্বরের সন্তানের অনুতাপ করা উচিত এবং দেশগুলিতে সুসমাচার প্রসারিত করার কাজে এগিয়ে আসা উচিত।

"দেশের মধ্যে ভয়ানক ও রোমাঞ্চজনক ব্যাপার সাধিত হয়। ভাববাদীগণ মিথ্যা ভাববাণী বলে, আর যাজকগণ তাহাদের বশবর্ত্তী হইয়া কর্ত্তৃত্ব করে; আর আমার প্রজারা এই রীতি ভালবাসি; কিন্তু ইহার পরিণামে তোমরা কি করিবে?" (যিরমিয় ৫:৩০,৩১)"

"... কেননা তাহারা ক্ষুদ্র ও মহান সকলেই লোভে লুব্ধ; ভাববাদী ও যাজক সকলেই কপটাচার করে। আর তাহারা আমার জাতির ক্ষত কেবল একটুমাত্র সুস্থ করিয়াছে;যখন শান্তি নাই, তখন শান্তি শান্তি বলিয়াছে।

সদাপ্রভু এই কথা কহেন, "তোমরা পথে পথে দাঁড়াইয়া দেখ; এবং কোন্ কোন্টা চিরন্তন মার্গ, তাহা জিজ্ঞাসা করিয়া বল, উত্তম পথ কোথায়? আর সেই পথে চল, তাহাতে তোমরা আপন আপন প্রাণের জন্য বিশ্রাম পাইবে। কিন্তু তাহারা কহিল, আমরা চলিব না" (যিরমিয় ৬:১৩,১৪,১৬)।"

প্রিয় ঈশ্বরের সন্তানগণ, প্রভুর বিচার অতি সন্নিকট। এটি ভয়ানক হবে! এর জন্য প্রস্তুত হন! জেগে থাকুন! প্রতারিত হবেন না। আমাদের একমাত্র ভার যেন পৃথিবীতে সুসমাচার প্রসারিত করা হয়। আমাদের দেশের প্রত্যেক ব্যক্তি অবশ্যই যীশু খ্রীষ্টের নামে আরাধনা করবে।

হে প্রভু, সুসমাচার প্রচারই যেন আমার জীবনের একমাত্র ভার হয়!

আমার দেশে তোমার নাম প্রকাশ্যে ঘোষিত হওয়া উচিত!!

এটা আপনার হৃদয়ের প্রকৃত ভার হওয়া উচিত

মাত্র একটাই জীবন

এটি দ্রুত শেষ হয়ে যায়

ঈশ্বরের জন্য আপনি যা করেন

তাই শেষ পর্য্যন্ত টিকে থাকে!

আমরা আপনার উত্তরের প্রত্যাশা করি। আমরা আপনার জন্য প্রার্থনা করি। অনুগ্রহ করে আমাদের জন্যেও প্রার্থনা করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস

এস.স্যাম সেলভা রাজ।

(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)

পরিকল্পনা প্রকাশিত হয়েছে। পৌল ঘোষণা করেছিলেন "কারণ অধর্ম্মের নিগূঢ়তত্ত্ব এখনই কার্য্য সাধন করিতেছে .." (২ থিষলনীকীয় ২:৭)। তিনি বলছেন যে এখনই পাপের রহস্যময় আকার কাজ করছে, যা খ্রীষ্টারীর পথ প্রদর্শক হবে। স্পষ্টতঃই,অধর্ম্মের আত্মা হারিয়ে যাওয়া মানবিকতার উপর পতিত হবে, লোকদের এত শক্তিশালীভাবে হস্তগত করবে যে পাপপুরুষ দ্রুত ক্ষমতায় উঠে আসবে।

এছাড়াও "অধর্ম্মের নিগূঢ়তত্ত্ব' উক্তিটির আরেকটি অর্থ আছে। এটি একটি গ্রীক মূল অর্থ থেকে এসেছে "নীরব অভিষেক"।

পৌল খ্রীষ্ট বিরোধী ধর্ম্মের একটি গোপন দীক্ষার কথা বলেছেন — তিনি তাঁর নিজের সময় একটি সূক্ষ্ম ভৌতিক প্রভাব ঘটতে দেখেছিলেন।

এখন, এই একই রহস্যময় আত্মা পূর্ণ প্রলোভনের শক্তি নিয়ে, পাপপুরুষকে গ্রহণ করার জন্য অসংখ্য লোকদের প্রস্তুত করছে। প্রতিদিন হাজার হাজার লোকের

মগজ ধোলাই করে দিচ্ছে এবং তার দলের মধ্যে নীরবে এবং গোপনে দীক্ষিত করছে। আর এই শয়তানি কাজ এত দ্রুত এবং এত দক্ষতার সঙ্গে করা হচ্ছে যে পাপপুরুষ ক্ষমতায় আসতে আর খুব বেশী দেরী হবে না।

প্রভু যীশু ফিরে আসার আগে আমাদের খ্রীষ্টারীর কয়েকটি শারীরিক প্রকাশ দেখার প্রয়োজন নেই। তাঁর শয়তানী আত্মা ইতিমধ্যেই হাজার হাজার মগজ ধোলাই হওয়া বিশ্বাসীদের মধ্যে প্রকাশিত হচ্ছে!

পৌল "অধর্ম্মের নিগূঢ়তত্ত্বের" বিষয়টি পূর্ণরূপে ব্যাখ্যা করেছেন।

পৌল বলেছেন যে নিগূঢ়তত্ত্বটি হচ্ছে এই: শয়তান অসংখ্য লোককে ব্যবস্থাহীনতার গভীরে প্রতারিত করে! এই অনুচ্ছেদটিতে পৌল "অধর্ম" শব্দটির জন্য যে গ্রীক শব্দটি ব্যবহার করেছেন তার অর্থ হচ্ছে, আক্ষরিকভাবে "ব্যবস্থালঙ্ঘন"। সুতরাং, নিগূৰতত্ত্বের একটি বিষয় হচ্ছে ব্যবস্থাহীনতা — যার অর্থ অসংখ্য লোক ব্যবস্থাহীনভাবে অথবা নিয়ন্ত্রণহীনভাবে কাজ করছে।

যাইহোক, এই ব্যবস্থাহীনতা কেবল মানুষের শাসনের বিরুদ্ধে বিদ্রোহ নয়। এটি কোন অসমারিক সমাজের কর্তৃত্বের বিরুদ্ধে নয় অথবা ডাকাতি, ধর্ষণ অথবা নরহত্যা সম্পর্কিত নয়। এই বিষয়গুলি ঈশ্বরের ক্রোধ উদ্রেক করে। কিন্তু ব্যবস্থাহীনতার নিগূঢ়তত্ত্ব আরও গভীর। এটি খ্রীষ্টের মধ্যে যে সত্য আছে তা প্রত্যাখ্যান করা — ঈশ্বরের পবিত্র বাক্য এবং আদেশগুলিকে সরিয়ে রাখা। এটি পবিত্র শাস্ত্রের নিয়ন্ত্রণের বিরুদ্ধে বিদ্রোহ!

এই ব্যবস্থাহীনতার মানসিকতা আজ আমাদের জাতির মধ্যে প্রসারণশীল। এটি হচ্ছে আইন প্রণয়নের পশ্চাতে সেই ভীষণ শক্তি যা আমাদের সমাজ থেকে ঈশ্বরকে নির্বাসিত করে। এটি হচ্ছে সেই একই আত্মা যা হবাকে প্ররোচিত করেছিল, তাকে অনেক কথা বলেছিল, "ঈশ্বর খুবই সরল তিনি অবাধ্যতার জন্য তোমাকে শাস্তি দেবেন না। তুমি এই ফলটি খেতে পার এবং তোমার অভিলাষ চরিতার্থ করতে পার। এর জন্য তোমাকে মূল্য দিতে হবে না!"

এটি ছিল নরকের একটি মৃত্যুজনক মিথ্যা। আর শয়তান আজ তার ব্যবস্থা লঙ্ঘনের নিগূঢ়তত্ত্বকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সেই একই মিথ্যা ব্যবহার করছে। দিনের পর দিন, সে অসংখ্য বিশ্বাসীদের বুঝাচ্ছে যে তারা বিভিন্ন পাপের মধ্যে লিপ্ত হতে পারে। এটি হচ্ছে খ্রীষ্টের অনুগ্রহের সুসমাচারকে বিকৃত করার এবং বার্তাটিকে লাম্পট্যের বার্তায় পরিণত করার একটি শয়তানিক পরকল্পনা।

দুঃখের বিষয় হচ্ছে, অসংখ্য নাতিশীতোষ্ণ খ্রীষ্ট বিশ্বাসীরা ব্যবস্থাহীনতার এই মানসিকতার মধ্যে নতিস্বীকার করছে। কয়েক জন ইতিমধ্যেই খ্রীষ্টারীর নীতিবিরুদ্ধ ধর্মের মধ্যে দীক্ষিত হয়েছে। যখন পাপপুরুষ দৃশ্যে আবির্ভূত হবে, বিভিন্ন অলৌকিক কাজ করবে এবং বিভিন্ন সমস্যার সমাধান করবে তখন তাকে গ্রহণ করার জন্য তারা প্রস্তুত হয়ে আছে।

আপনি মনে করতে পারেন, "খ্রীষ্টারীকে অনুসরণ করার মতো মূর্খামী আমি কখনও করবো না"। কিন্তু পৌল বলেছেন যে খ্রীষ্টারী ক্ষমতায়

(ক্রমশঃ, ৬ পাতায়)

আহ্বানের প্রতিধ্বনির
(১৬ টি ভাষায় প্রকাশিত)

বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা আজীবন গ্রাহক **মূল্য : ১,০০০ টাকা**

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি লাভ করতে চান তবে আমাদের লিখে পাঠান। এই পরিচর্যা কাজটি আপনার মতো ঈশ্বরের লোকদের স্বেচ্ছাদত্ত দানের দ্বারা পরিচালিত হয়। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেল পরিবর্তন করবেন, অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানাগুলো আমাদের জানাবেন।

আমাদের ওয়েব সাইটেও ১৬টি ভাষায় প্রকাশিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পাওয়া যাবে। আপনি সেখান থেকেও পত্রিকাটি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদযুক্ত হতে পারেন।

আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা কার্যগুলোর উদ্দেশে আপনাদের চিঠিপত্র, প্রার্থনার অনুরোধগুলো, আপনার আর্থিক সাহায্যগুলো (ডি.ডি., চেক্, এম. ও. ইত্যাদি) নিম্নলিখিত ঠিকানায় পাঠাবেন।

ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2nd STREET,CHEPAUK, CHENNAI - 600005, INDIA.
Ph.: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766,Cell: 98410 71852 95661 31858
E-Mail: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Website: www.echoofhiscall.org

The details of our Bank Accounts are given below. Please inform us the details of your remittances.

Bank	Branch	Name	IFSC Code No.	Account Number
1. STATE BANK OF INDIA	Triplicane, Chennai -5	S. Sam Selva Raj	SBIN 0000249	102329 34679
2. ICICI BANK	Anna Salai, Chennai -2	Echo of His Call	ICIC 0006038	6038 05022319

মহান আদেশ অংশীদারগণ

ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর ২০১৮)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

প্রশংসার বিষয়সমূহ

নভেম্বর ১৯ : আমাদের হাসপাতাল পরিচর্যা কাজে প্রভু অসংখ্য অলৌকিক কাজ করছেন।

দিন ২০: আমাদের প্রধান মণ্ডলীতে এবং শাখা মণ্ডলীগুলিতে অসংখ্য নতুন আত্মা যুক্ত হচ্ছে।

দিন ২১: প্রভু আমাদের ২০১৯ সালের আহ্বানের প্রতিধ্বনি ক্যালেণ্ডার প্রকাশ করতে সাহায্য করেছেন।

দিন ২২: আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলির সমস্ত লেকচারারদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

দিন ২৩: ঈশ্বর আমাদের প্রধান মণ্ডলীতে ৫টি ভাষায় ৭টি উপসনা সভাকে আশীর্ব্বাদ করছেন।

দিন ২৪: ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

দিন ২৫: আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, শিক্ষক শিক্ষিকা এবং কর্মী সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

দিন ২৬: ১৬টি ভাষায় প্রকাশিত আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার পাঠকদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

দিন ২৭: আমাদের মণ্ডলীর প্রাচীনদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

দিন ২৮: ঈশ্বর আমাদের মিশন এলাকাগুলির ক্ষেত্রকর্মীদের সুরক্ষিত করছেন।

দিন ২৯: আমাদের সমস্ত সমন্বয়কারীদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

দিন ৩০: আমাদের প্রভু আমাদের সিনিয়ার পাস্টর এস.সাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে রক্ষা করছেন।

ডিসেম্বর ০১: ঈশ্বর গতমাসে **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার** সমস্ত কাজগুলিকেআশীর্ব্বাদ করেছেন।

অক্টোবর ০২: ঈশ্বর এ বছর আমাদের আরও অধিক সুসমাচার সাহিত্য প্রকাশ করতে সাহায্য করেছিলেন।

দিন ০৩: ঈশ্বর যেশী বীণা স্যামের স্বাস্থ্যের অনেক উন্নতি করেছেন।

প্রার্থনার অনুরোধসমূহ

দিন ৪: ঈশ্বর যেন এই মাসে **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা** কাজের সমস্ত আর্থিক প্রয়োজনগুলি পূরণ করেন।

দিন ৫: ঈশ্বর যেন তাঁর সম্পর্কে লোকদের মনে ভয় প্রেরণ করেন।

দিন ৬: ঈশ্বর যেন মণ্ডলীগুলির মধ্যে থেকে ভ্রান্ত মতবাদগুলি দূর করেন।

দিন ৭: ঈশ্বর যেন সমগ্র বিশ্বে এক পরাক্রমী উদ্দিপনা প্রেরণ করেন।

দিন ৮: সারা পৃথিবীর পতিত আত্মাদের পরিত্রাণের জন্য প্রার্থনা করুন।

দিন ৯: আমাদের প্রস্তাবিত নতুন প্রজেক্ট দৈনিক স্বর্গীয় মান্না শীঘ্রই প্রকাশিত হবে। এর জন্য প্রার্থনা করুন।

দিন ১০: ডাকযোগে নহিমিয় ঈশ্তাত্ত্বিক বাইবেল পাঠক্রমের জন্য এবং ডাকযোগে বাইবেলকোর নামে প্রাথমিক বাইবেল পাঠক্রমের জন্য প্রার্থনা করুন।

দিন ১১: ঈশ্বরের দাসদের সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

দিন ১২: সারা পৃথিবীতে শান্তির জন্য প্রার্থনা করুন।

দিন ১৩: আমাদের প্রার্থনার অংশীদার, আজীবন অংশীদার, বিশ্বাসের অংশীদার,মহান আদেশ অংশীদারদের জন্য এবং তাদের পরিবারের সদস্যদের জন্য প্রার্থনা করুন।

দিন ১৪: আমাদের সমস্ত মণ্ডলীগুলির প্রয়োজনগুলি ঈশ্বর পূরণ করুন।

দিন ১৫: সারা পৃথিবীর দূরদর্শন প্রচারকদের জন্য প্রার্থনা করুন।

দিন ১৬: ঈশ্বর যেন আমাদের গ্রামীন উচ্চবিদ্যালয়, সেণ্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলকে আশীর্ব্বাদ করেন।

দিন ১৭: ঈশ্বর যেন আমাদের পরিচর্যা দলের সমস্ত কর্মীদের অবিরত সুরক্ষা করেন।

দিন ১৮: ঈশ্বর যেন সমস্ত শিশুদের আত্মিকভাবে এবং শারীরিকভাবে ...দ করেন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

আসবে কারণ লোকেরা অন্ধ হবে এবং তাদের নিজেদের পাপের দ্বারা প্রতারিত হবে: "...সেই ব্যক্তির আগমন শয়তানের কার্য্যসাধন অনুসারে মিথ্যার সমস্ত পরাক্রম ও নানা চিহ্ন ও অদ্ভুত লক্ষণ সহকারে হইবে, এবং যাহারা বিনাশ পাইতেছে, তাহাদের সম্বন্ধে অধার্মিকতার সমস্ত প্রতারণা সহকারে হইবে; কারণ তাহারা পরিত্রাণ পাইবার নিমিত্ত সত্যের প্রেম গ্রহণ করে নাই" (২ থিষলনীকীয় ২:৯-১০)।

শয়তান অসংখ্য লোককে সূক্ষ্ম কিন্তু শক্তিশালী মিথ্যার দ্বারা ভুল বুঝাবে। তার মিথ্যা কী হবে? সে হবাকে যেমন ভুল বুঝিয়েছিল ঠিক তেমনি সে জগতকেও ভুল বুঝাবে: "ঈশ্বর পাপের দণ্ড দেন না!"

পৌল বলেছেন এই প্রতারণা আসবে "...অধার্মিকতার সমস্ত প্রতারণা সহকারে হইবে; কারণ তাহারা পরিত্রাণ পাইবার নিমিত্ত সত্যের প্রেম গ্রহণ করে নাই" (১০ পদ)। তারপর তিনি যোগ করেছেন, "আর সেই জন্য ঈশ্বর তাহাদের কাছে ভ্রান্তির কার্য্যসাধন পাঠান, যাহাতে তাহারা সেই মিথ্যায় বিশ্বাস করে" (১১ পদ)।

প্রেরিত বলছেন, "যারা ঈশ্বরের বাক্যের বাধ্য হতে অথবা সম্মান করতে অস্বীকার করে তারা শক্তিশালী ভ্রান্তির অধীনে পতিত হবে। প্রথমে তারা তাদের পাপ দেখেও না দেখার ভান করবে। পরে তারা এটা সমর্থন করবে। কিন্তু অতি শীঘ্রই তারা সহজ অনুগ্রহের বাণী সক্রিয়ভাবে অন্বেষণ করবে। তারা একটি অনুগ্রহ উদ্ভাবন করবে যা ঈশ্বরের অভীষ্ট অনুগ্রহের থেকে অনেক দূরবর্তী। তাঁর অনুগ্রহ সর্বদা অতিরিক্ত স্বাধীনতার দিকে চালিত করে। এটি সর্বদা অনুতাপের দিকে চালিত করে!"

জগত এখন এক গভীর ভ্রান্তির মধ্যে আছে

জগত এখন শয়তানিক মিথ্যার প্রতারণার শক্তির অধিনস্থ। তথাপি, আমি আরও অধিক কিছু বলার আগে, অনুগ্রহ করে অবগত হন যে আমি এখানে একজন ডেমোক্রাট অথবা রিপাবলিকান হিসাবে কথা বলছি না। আমি যা কিছু বলছি তার সঙ্গে রাজনীতির কোনও সম্পর্ক নেই — কিন্তু সমস্ত কিছু আত্মিক সত্য নিয়ে করতে হবে। সত্যটি হচ্ছে, আমাদের দেশের নেতারা ঈশ্বরের বাক্যকে সম্পূর্ণরূপে সরিয়ে দিয়েছে, বাইবেলের সত্যগুলির প্রতি তারা কোনও শ্রদ্ধা দেখায় না। আর এখন প্রভু আমাদের উপর প্রতারণার আত্মা পতিত হতে দিয়েছেন!

আজকের দিনে জগতকে আচ্ছাদনকারী শয়তানের মিথ্যা হচ্ছে একটি মিথ্যা শান্তি। এই ধারণাটি হচ্ছে পরিণতিগুলির বিষয় ভয় না করে আমরা যা খুশি করতে পারি। এই প্রতারণার মধ্যে আমরা ইতিমধ্যেই সীমারেখা অতিক্রম করেছি এবং এখন বিচার অনিবার্য।

রোমীয় ১ অধ্যায়ে পৌল এই স্বর্গীয় বিচারের বিষয়টি বর্ণনা করেছেন। তিনি তাদের বিষয় বলেছেন যারা এক সময় বাইবেলের সত্য ধারণ করেছিল কিন্তু পরে তারা অধার্মিকতার মধ্যে সত্যটিকে ধরে রাখার চেষ্টা করেছিল। সংক্ষেপে, তারা একই সঙ্গে ঈশ্বরের বাক্য এবং তাদের অভিলাষ চেয়েছিল। সুতরাং প্রভু তাদেরকে অবিশুদ্ধ মনের প্রতি আবর্তিত করেছিলেন। তারা একটি মিথ্যাকে বিশ্বাস করতে চেয়েছিলেন—সুতরাং তিনি তাদের উপর এক প্রচণ্ড বিভ্রান্তি পাঠিয়েছিলেন!

এই মানসিকতা এখন মণ্ডলীর মধ্যেও হামাগুড়ি দিয়ে প্রবেশ করেছে। অসংখ্য খ্রীষ্ট বিশ্বাসী এখন নোংরা ভিডিও দেখে অথবা ইণ্টারনেটে অশ্লীল ছবি দেখে। এক সময় তাদের বিবেক তাদেরকে নির্যাতিত করতো। কিন্তু তারা এখন যুক্তি দেখায়, "আমাদের সমস্ত নেতারাই এর মধ্যে দিয়ে গেছে। সকলেই এটা করছে। আমি কেন করতে পারবো না? তারা শয়তানিক ভ্রান্তির অধীনে পতিত হয়েছে!

পৌল সতর্ক করেছেন, "কেননা এমন সময় আসিবে, যে সময় লোকেরা নিরাময় শিক্ষা সহ্য করিবে না, কিন্তু কাণচুলকানিবিশিষ্ট হইয়া আপন আপন অভিলাষ অনুসারে আপনাদের জন্য রাশি রাশি গুরু ধরিবে এবং সত্য হইতে কাণ ফিরাইয়া গল্পের দিকে বিপথে যাইবে" (২ তীম ৪:৩-৪)।

পৌল এখানে কোন্ বিস্তর লোকদের কথা বলেছেন যারা প্রতারিত হয়েছে? তারা প্রতারিত খ্রীষ্ট বিশ্বাসীগণ! তিনি থিষলনীকীয় মণ্ডলীর কাছে — নতুন জন্মপ্রাপ্ত বিশ্বাসীদের কাছে এই পত্রটি লিখেছিলেন! তিনি সেই সমস্ত লোকদের উদ্দেশ্যে লিখেছিলেন যারা বাইবেলের শিক্ষার অধীনে বসেছিল এবং ঈশ্বরের সত্য জানতো। তথাপি তারা তাদের অভিলাষগুলো ধরেছিল — আর এখন তারা বিশ্বাস করে যে তাদের সমস্ত পাপের মধ্যেই তারা সান্ত্বনা পাবে!

বিশ্বাসীদের প্রতারিত হওয়ার সব থেকে বড় বিপদ হচ্ছে যারা আনন্দের সঙ্গে ঈশ্বরের বাক্য শ্রবণ করে — অথচ পালন করে না!

পৌল গালাতীয়দের প্রতি লিখেছিলেন, "তোমারা সুন্দররূপে দৌড়িতেছিল;কে তোমাদিগকে বাধা দিল যে, তোমরা সত্যের দ্বারা প্রবর্তিত হও না?" (গালাতীয় ৫:৭) ... কে তোমাদিগকে মুগ্ধ করিল?" (৩:১)। প্রেরিত পৌল তাঁর দলের লোকদের বলছিলেন, "তোমাদের কি ঘটেছিল? তোমরা বেশ ভালই করছিলে। কিন্তু এখন তোমাদের মগজ-ধোলাই করা হয়েছে!"

সমগ্র শাস্ত্রে, ঈশ্বর আমাদের স্পষ্ট ছবি দিয়েছেন যে তাঁর বাক্য পালন করা আমাদের জন্য কত গুরুত্বপূর্ণ বিষয়। আমরা শৌল রাজার জীবনে এই ধরণের একটি উদাহরণ দেখি। ঈশ্বর শমূয়েল ভাববাদীর মাধ্যমে শৌলকে একটি স্পষ্ট নির্দিষ্ট আজ্ঞা দিয়েছিলেন। তিনি শৌলকে বলেছিলেন, "এখন তুমি গিয়া অমালোককে আঘাত কর, ও তাহার যাহা কিছু আছে, নিঃশেষে বিনষ্ট কর,তাহার প্রতি দয়া করিও না; স্ত্রী ও পুরুষ, বালকবালিকা ও স্তন্যপায়ী শিশু, গোরু ও মেষ, উষ্ট্র ও গর্দ্দভ সকলকেই বধ কর" (১ শমূয়েল ১৫:৩)।

শৌল কি সদাপ্রভুর আজ্ঞা পালন করেছিলেন? শাস্ত্র আমাদের বলে, "তিনি অমালেককে আঘাত করিলেন।...তিনি আমালেকের রাজা অগাগকে জীবিত ধরিলেন...কিন্তু শৌল ও লোকেরা অগাগের প্রতি এবং উত্তম উত্তম মেষ ও গরুর প্রতি ও পুষ্ট গোবৎসের এবং মেষশাবকগুলির প্রতি ও সমস্ত উত্তম বস্তুর প্রতি দয়া করিলেন, সেই সকলকে নিঃশেষে বিনষ্ট করিতে চাহিলেন না..." (৭-৯ পদ)।

ঈশ্বর স্ফটিকের মতো স্বচ্ছ শর্তে শৌলকে তাঁর খড়্গা দিয়েছিলেন। শৌল পরে যুদ্ধে গেলেও, তিনি আংশিকভাবে শর্ত মেনে ছিলেন। প্রত্যেককে হত্যা করার এবং প্রত্যেকটি বিষয় বিনাশ করার পরিবর্তে, তিনি অগাগ রাজাকে জীবিত রেখেছিলেন - এবং তিনি এমনকী যুদ্ধের লুণ্ঠনের কিছু বিষয়ও রেখে দিয়েছিলেন।

দুঃখিত শমূয়েল শৌলকে বলেছিলেন, "সদাপ্রভু তোমাকে যাত্রাপথে পাঠাইলেন কহিলেন, যা, সেই পাপিষ্ঠ অমালেকীয়দিগকে নিঃশেষে বিনষ্ট কর; এবং যে পর্য্যন্ত তাহারা উচ্ছিন্ন না হয়, তাবৎ তাহাদের সঙ্গে যুদ্ধ কর। তবে তুমি সদাপ্রভুর রবে অবধান না করিয়া কেন লুটের উপরে পড়িয়া সদাপ্রভুর দৃষ্টিতে যাহা মন্দ, তাহাই করিয়াছ?" (১৮-১৯ পদ)।

এই সন্ধিক্ষণে, শাস্ত্র আমাদের অত্যন্ত বেদনাদায়ক এবং ভয়াবহ বাক্য দেয়: "পরে শমূয়েলের কাছে সদাপ্রভুর এই বাক্য উপস্থিত হইল, আমি শৌলকে রাজা করিয়াছি বলিয়া আমার অনুশোচনা হইতেছে, যেহেতু সে আমার অনুগমন হইতে ফিরিয়া আসিয়াছে, আমার বাক্য পালন করে নাই..." (১০-১১ পদ)।

এই ঘটনাটি কি আপনার জীবনকে বর্ণনা করে? ঈশ্বর কি আপনার জীবনের কোন নির্দিষ্ট অভিলাষপূর্ণ অভ্যাসের মোকাবিলা করার জন্য আপনাকে বলেছেন - সেটা আপনার জীবন থেকে ছিন্ন না করে আপনি কি এখনও সেই অভ্যাসটিকে আঁকড়ে ধরে আছেন?

ঠিক এখন, তাঁর আত্মা হয়তো কোনও প্রকারে আপনার সঙ্গে মৃদুস্বরে কথা বলছেন, "আমাদের মধ্যে তোমার অভিলাষ দাঁড়িয়ে আছে, আমাদের সহভাগিতাকে বাধা দিচ্ছে। যতক্ষণ তুমি এর মধ্যে লিপ্ত থাকবে আমি আর তোমাকে আশীর্ব্বাদ করতে পারবো না। তোমাকে সাহায্য করার জন্য আমার আত্মার উপর আস্থা রাখ। হে আমার বৎস, "এটা এখন নামিয়ে রাখ।" কিন্তু ঈশ্বর শীঘ্রই আপনার সঙ্গে ক্রুদ্ধ ভাবে কথা বলবেন, "তুমি যদি তোমার অভিলাষ পরিত্যাগ না কর, আমি এটা প্রকাশ করে দেব — এবং এটা তোমার জীবনকে শেষ করে দেবে!"

ঈশ্বর শৌলকে তার অবাধ্যতার জন্য প্রত্যাখ্যান করেছিলেন। শমূয়েল শৌলকে বলেছিলেন, "কারণ আজ্ঞালঙঘন করা মন্ত্রপাঠ জন্য পাপের তুল্য, এবং অবাধ্যতা, পৌত্তলিকতা ও ঠাকুরপূজার সমান। তুমি সদাপ্রভুর বাক্য অগ্রাহ্য করিয়াছ, এই জন্য তিনি তোমাকে অগ্রাহ্য করিয়া রাজ্যচ্যুত করিয়াছেন" (২৩ পদ)।

এই কারণে ঈশ্বরের আত্মা যখন শৌলকে ছেড়ে চলেগেছিল, তখন রাজার অর্দ্ধ হৃদয় বাধ্যতা শয়তানের কাছে নিজেকে উন্মুক্ত করে দিয়েছিল। শীঘ্রই মন্দ আত্মা শৌলকে অস্থির করেছিল — এবং শেষ পর্য্যন্ত তিনি একজন মায়াবীর কাছে পরামর্শ চেয়েছিলেন। সম্ভবতঃ আপনি যখন শৌলের জীবনের বর্ণনা পাঠ করেন, আপনি অবাক হয়ে যান, "কিন্তু শৌল আপ্রাণ চেষ্টা করেছিলেন। আর তিনি খারাপ ভাবেও তা করেননি। তাহলে ঈশ্বর কেন তাঁর প্রতি এত প্রচণ্ড হয়েছিলেন? কেন তিনি শৌলকে ক্ষমা করেননি?"

এই অনুচ্ছেদটির মাধ্যমে ঈশ্বর আমাদের বলছেন যে তিনি যা বলেন তাই করেন! তিনি বলছেন, "আমার প্রতি তোমার বাধ্যতা সম্পর্কে আমি কি অনুভব করি তা আমি তোমাকে দেখাচ্ছি। আমি তোমার সমস্ত হৃদয়, তোমার সমস্ত ভালোবাসা চাই — কেবল অর্দ্ধ হৃদয় বাধ্যতা নয়!" এখন, প্রভুর বার্তাটি যদি শৌলের কাছে কুয়াশাচ্ছন্ন অথবা অস্পষ্ট হতো, তাহলে আমাদের এটা বলা ন্যায্য হতো যে তাঁর শৌলকে সুযোগ দেওয়া উচিত ছিল। কিন্তু শৌলের কাছে তাঁর নির্দেশটি এত স্পষ্ট ছিল যে, তিনি কি আজ্ঞা দিয়েছিলেন সেই বিষয়ে কোনও সন্দেহই থাকতে পারে না। একই ভাবে আজকের দিন, ঈশ্বর আমাদের কাছে কী বলেছেন সেই বিষয়ে আমাদের কোনও সন্দেহ নেই। তাঁর আদেশগুলি কী কী তা আমরা জানি, কারণ তিনি ঐ নির্দেশগুলি তাঁর বাক্যের দ্বারা এবং আমাদের হৃদয়ের মধ্যে তাঁর আত্মার দ্বারা প্রকাশ করেছেন।

আপনি উত্তর দিতে পারেন, কিন্তু পুরাতন নিয়মে ঈশ্বর শৌলের প্রতি যা করেছিলেন তা ব্যবস্থার অধীনে ঘটেছিল। এখন আমরা অনুগ্রহের দিনে জীবন যাপন করছি। নিশ্চিতভাবে আমরা যখন অবাধ্য হই তখন ঈশ্বর শৌলের প্রতি যেমন করেছিলেন তেমন আমাদের প্রতি তিনি এত প্রচণ্ড হবেন না।

এখানে নতুন নিয়মের বিষয়টির অধীনে ঈশ্বরের বাক্য আছে, অনুগ্রহের নিয়ম। ঈশ্বর প্রত্যেক ব্যক্তিকে তার কার্য অনুসারে প্রতিফল দেবেন: তিনি ত প্রত্যেক মনুষ্যকে তাহার কার্য্যানুযায়ী ফল দিবেন, সৎক্রিয়ার ধৈর্য্য সহযোগে যাহারা প্রতাপ, সমাদর ও অক্ষয়তার অন্বেষণ করে, তাহাদিগকে অনন্ত জীবন দিবেন; কিন্তু যাহারা প্রতিযোগী, এবং সত্যের অবাধ্য ও অধার্ম্মিকতার বাধ্য, তাহাদের প্রতি ক্রোধ ও রোষ, ক্লেশ সঙ্কট বর্ত্তিবে; প্রথমে যিহুদীর, পরে গ্রীকেরও উপরে, কদাচারী মনুষ্যমাত্রের প্রাণের উপরে বর্ত্তিবে। কিন্তু সদাচারী প্রত্যেক মনুষ্যের প্রতি, প্রথমে যিহূদীর, পরে গ্রীকেরও প্রতি প্রতাপ, সমাদর ও শান্তি বর্ত্তিবে। কেননা ঈশ্বরের কাছে মুখাপেক্ষা নাই" (রোমীয় ২:৬-১১)।

পুরাতন নিয়মের শৌল এবং নতুন নিয়মের সমস্ত বিশ্বাসীদের মধ্যে পার্থক্যের বিষয়টি ব্যাখ্যা করতে দিন: একজন ব্যক্তির যখন প্রকৃতরূপে ঈশ্বরের আদেশগুলির বাধ্য হওয়ার ইচ্ছা থাকে — সেই ব্যক্তি যখন ঈশ্বরের বাক্যকে ভালোবাসেন এবং সম্মান করেন — তখন পবিত্র আত্মা ঐ আদেশগুলি সম্পূর্ণ করার জন্য তাকে সমস্ত শক্তি এবং সামর্থ্য দেন। এটাই হচ্ছে নতুন নিয়মের আশীর্ব্বাদযুক্ত প্রতিবিধান।

NEWS:

"Come out…we will burn you"

Ambala, Haryana: Extremists here have accused 32 year old Assemblies of God pastor, Avianshu Kalra, of desecration of idols and forcible conversion, forcing him and his family to flee their home.On July 11 a mob of 200 people had blocked the entry to his home and church compound and chanted threats like, "Come out, we will not spare you, we will burn you". The local police have ordered an enquiry. The 100-member church was started in 2014. About 300 Christians marched on the streets of Ambala on July 19, protesting the mob attack and the oppression of minorities in India. –MSN.

-Forerunner (October 2018)

শৌলের এই ধরণের কোনও পবিত্র ইচ্ছা ছিল না। কিন্তু যে বিশ্বাসী প্রভু এবং তাঁর বাক্যকে প্রকৃতরূপে ভালোবাসে সে তার সমস্ত অভিলাষ দমন করতে সক্ষম হয়, তার মধ্যস্থ পবিত্র আত্মার শক্তির দ্বারা সে পাপের সমস্ত কর্তৃত্বকে দমন করতে পারে।

পৌল বিশ্বাসীদের সতর্কতার এই সুদৃঢ় বাক্য দিয়েছেন: "আর হে মনুষ্য, যাহারা এইরূপ আচরণ করে, তুমি যখন তাহাদের বিচার করিয়া থাক, আবার আপনিও তদ্রূপ করিয়া থাক, তখন তুমি কি এই মীমাংসা করিতেছ যে, তুমি ঈশ্বরের বিচার এড়াইবে?" (রোমীয় ২:৩), তিনি বলছেন, "আপনি কি স্বাক্ষ্য দিচ্ছেন যে আপনি একজন খ্রীষ্ট বিশ্বাসী হওয়ায় সকলকে ঈশ্বরের ব্যবস্থা পালন করার কথা বলছেন — কিন্তু আপনি নিজে ব্যভিচার করছেন?

"অথবা তাঁহার মধুর ভাব ও ধৈর্য্য ও চিরসহিষ্ণুতা রূপ ধন কি হেয়জ্ঞান করিতেছ? ঈশ্বরের মধুর ভাব যে তোমাকে মনপরিবর্তনের দিকে লইয়া যায়, ইহা কি জান না?" (৪ পদ)। পৌল আরও যোগ করেছেন, "ঈশ্বর সব সময় আপনার প্রতি ক্ষমাশীল হয়েছেন, আপনার সঙ্গে দয়াপূর্ণ এবং ভালোবাসাপূর্ণ ব্যবহার করেছেন। আপনি কি বুঝতে পারছেন না যে তার সমস্ত মঙ্গলভাব, দয়া এবং অনুগ্রহের অর্থ হচ্ছে আপনাকে মনপরিবর্তনের পথে চালিত করা?"

এই বাণীটিতে কী বুঝানো হয়েছে?

সর্বোপরি আমি আপনাকে এটা বলতে চাই: সর্বকালের ইতিহাসের শ্রেষ্ঠতম সমৃদ্ধির প্রচারকরূপে খ্রীষ্টারীর দৃশ্যে অবতীর্ণ হওয়ার সময় আসছে। আর দিয়াবল ইতিমধ্যেই তার ধর্মভ্রষ্টতায় দীক্ষিত করার জন্য অর্দ্ধহৃদয় বিশ্বাসীদের তুলে নিচ্ছে। শীঘ্রই আমাদের সমাজের উপর আর কোনও নিয়ন্ত্রণ থাকবে না, এবং সর্বকালের তুলনায় খ্রীষ্ট বিশ্বাসীরা শয়তানের প্রতারণার কাছে সব থেকে অধিক বিদ্ধ হবে।

হিটলারের সময় অসংখ্য জার্মান খ্রীষ্ট বিশ্বাসীদের জীবনে ঠিক এই ঘটনাই ঘটেছিল। হিটলার যখন এক আকর্ষণীয় ব্যক্তিত্ব নিয়ে ক্ষমতায় এসেছিল এবং উত্তম জীবনের প্রতিজ্ঞা করেছিল, এমনকী না শীতল না উষ্ণ লুথেরান এবং পেন্টিকোস্টালরাও তাকে গ্রহণ করেছিল। আর পরে, তিনি যখন সমাজের উপর মন্দ কাজ করতে শুরু করেছিলেন, তারা অন্যভাবে দেখেছিল, তারা ঈশ্বরের সত্য প্রত্যাখ্যান করেছিল। অবশ্যই, ঐ মণ্ডলীগুলিতে সুসমাচারের পক্ষে কিছু মানুষ পরাক্রমের সঙ্গে সোচ্চার হয়েছিলেন। কিন্তু অবিশ্বাস্যভাবে অসংখ্য লোক হিটলারের অনুগমন করেছিল এবং তার প্রশংসাও করেছিল, চিৎকার করে বলেছিল, "হেইল হিটলার!" তারা মিথ্যা ক্রয় করেছিল—আর ঈশ্বর তাদের প্রচণ্ড বিভ্রান্তির মধ্যে রেখেছিলেন!

আমি আপনাকে জিজ্ঞাসা করি: আপনার পুত্রকে প্রেমপূর্ণভাবে প্রকাশ করা একটি দৃঢ় প্রচারের অধীনে আপনি কি বসবেন? যদি বসেন, তাহলে আপনি কি ঐ বাক্যকে আপনাকে অভিযুক্ত করতে দেবেন? অথবা আপনি কি কোনও অনুশোচনা না করে আপনার অভিলাষের মধ্যে ফিরে যাবেন?

পবিত্র আত্মাকে দমন করার বিষয় সতর্কতাগুলি আপনি যদি প্রতাখ্যান করেন — তাহলে আপনি খ্রীষ্টারীর ঈশ্বর বিরোধী ধর্ম দ্বারা নিযুক্ত হয়েছেন। দিয়াবল আপনাকে নীরবে তার অধর্ম্মের নিগূঢ় তত্ত্বের মধ্যে দীক্ষিত করেছে। আর যখন প্রতিজ্ঞাত, অলৌকিক কাজের সঙ্গে সঙ্গে খ্রীষ্টারী আসবে, আপনি তার মিথ্যাগুলিতে ভেসে যাবেন এবং নিজেকে বিভ্রান্তির মধ্যে সমর্পণ করবেন!

ঈশ্বরের বাক্যকে ভালোবাসতে এবং বাধ্য হতে অস্বীকারকারী সামঝোতাকারী বিশ্বাসীদের বিষয়ে পৌল কি বলেছেন মন দিয়ে শুনুন: যেন সেই সকলের বিচার হয়, যাহারা সত্যে বিশ্বাস করিত না, কিন্তু অধার্ম্মিকতায় প্রীত হইত (২ থিষলনীকীয় ২:১২)। ধিক্ সেই সমস্ত লোকদের যারা তাদের অভিলাষের বিষয় জানে, কিন্তু তারা বিশ্বাস করে না যে ঈশ্বর তাদের বিচার করবেন! ঈশ্বরের সত্যে বিশ্বাস না করা এবং সেই সত্যের উপর কাজ না করার কয়েকটি ভয়ানক ফলের বিষয় এখানে প্রদত্ত হল:

১। পাপের প্রতারণার দ্বারা হৃদয় কঠিন হয়ে যায়।

২। শয়তান ন্যায্য প্রতিপন্ন করার জন্য কঠিন হৃদয়ের উপর কাজ করে, যাতে এটা ক্ষতিপূরণের সমস্ত রকমে ভয় থেকে মুক্ত করে।

৩। ঈশ্বর যখন দেখেন যে এই হৃদয়ে সত্য গ্রহণ করার এবং পালন করার কোনও সম্ভাবনা নেই, তখন তিনি ঐ ব্যক্তিকে শয়তানের বিভ্রান্তির মধ্যে ছেড়ে দেন।

৪। বিশ্বাসী এই মিথ্যা দ্বারা অন্ধ হয়ে যায় যে পাপের কোনও বেতন নেই ,যেখানে বলা হয় যে কোনও বিচারের দিন নেই, এবং সে তার অভিলাষপূর্ণ আনন্দে থাকতে পারে।

৫। বিশ্বাসীরা মন্দকে ভাল এবং ভালকে মন্দ চিন্তা করে শয়তানের শিকারে পরিণত হয়।

৬। সে খ্রীষ্টের এবং সত্যের কাছ থেকে এত দূরে চলে যায় যে সে খ্রীষ্টারীর কাছে অন্ধে পরিণত হয় — শেষ পর্য্যন্ত সে ঈশ্বর হিসাবে তার আরাধনা করে এবং সেবা করে।

৭। বিচারের দিন, ঈশ্বর এই ধরণের ব্যক্তিকে বলবেন, "হে অধর্ম্মের কার্যকারী,আমার কাছ থেকে দূর হও!"

প্রিয়তমেরা, আমাদের কারও এটা পথ হবে না। ঈশ্বর আমাদের কাছ থেকে এই ভ্রান্তি সরিয়ে দেবার জন্য চুক্তিবদ্ধ প্রতিজ্ঞা করেছেন এবং তিনি আমাদের খ্রীষ্টের ক্রুশের শক্তির মাধ্যমে পাপের উপর বিজয় দিয়েছেন। তিনি আমাদের যা করতে বলেছেন তা হচ্ছে আমাদের পাপের উপর এই কথা বলে ঘোষণা করা, "আমি আর এই অভ্যাসের সঙ্গে আপোষ করবো না। আমি এটার সঙ্গে থাকার বিষয়টিকে অস্বীকার করছি। পিতা, তোমার আত্মার দ্বারা আমাকে উদ্ধার কর!" তিনি যখন এই প্রার্থনা শুনবেন, তিনি এই ধরণের পবিত্র আত্মার শক্তি এবং গৌরব স্বর্গ থেকে পাঠিয়ে দেবেন,দিয়াবল আর দাঁড়ানোর সুযোগ পাবে না!

প্রার্থনা করুন যাতে ঈশ্বর এখনই আপনার মধ্যে তাঁর বাক্যের জন্য মহান শ্রদ্ধা রোপন করেন। আপনি যা পাঠ করবেন তা আপনার অন্তরে গ্রহণ করার সামর্থ দানের জন্য তাঁর আত্মার কাছে সাহায্য যাচ্ঞা করুন — তিনি যেন এটা বিশ্বাস করতে সাহায্য করেন যে ঈশ্বর যা বলেন তিনি তা করেন!

- রেভাঃ ডেভিড উইলকারসন

Echo of His Call Advertisement Rates

Size	1 language	In all 16
1/4p	Rs.2,000	Rs.30,000
1/2p	Rs.3,500	Rs.50,000
1page	Rs.5,000	Rs.70,000

পাতাল থেকে রাজপ্রাসাদ

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

" যে জন পাঠ করে, সে বুঝুক" (মথি ২৪ঃ১৫)

"ধার্মিকগণের প্রতি সদাপ্রভুর দৃষ্টি আছে, তাহাদের আর্ত্তনাদের প্রতি তাঁহার কর্ণ আছে" (গীত ৩৪:১৫)।

আজ আমার প্রাতঃকালীন প্রার্থনার সময়, প্রভু আমাকে আমার পরিচর্যার প্রথম দিকের সময়ে এনেছিলেন। তিনি আমাকে স্পষ্টভাবে দেখিয়েছিলেন কীভাবে তখন তিনি আমাকে নিখুঁতভাবে পরিচালিত করেছিলেন।

আমি ঈশ্বরের নির্ভূল পরিচালনার বিষয় বাখ্যা করার জন্য আপনাদের কাছে আমার এক বন্ধু, মিঃ. পি. শিবাপ্রকাশমের লেখা একটি চিঠি প্রকাশ করছি:

প্রিয় ভালোবাসার ভাই স্যাম সেলভা রাজ,দীর্ঘদিন যাবৎ আমি আপনার কার্যকলাপ নিয়ে আপনাকে একটা চিঠি লেখার ইচ্ছা পোষণ করেছি। এই সময় আপনি যখন আপনার পরিচর্যা কাজের এবং "আহ্বানের প্রতিধবনি" পত্রিকার সিলভার জুবিলী উদ্যাপন করতে চলেছেন, তখন আমি মনে করি এখনই আপনার পরিচর্যা কার্য সম্পর্কে আমার হৃদয়ের চিন্তাগুলির প্রতিধবনিত করার উপযুক্ত সময়।

প্রথমতঃ আমি 'আহ্বানের প্রতিধ্বনি" পত্রিকার প্রতিষ্ঠাতা এবং প্রধান সম্পাদক হিসাবে আপনাকে শুভেচ্ছা জানাচ্ছি। আপনি বিভিন্ন সঙ্কট এবং সমস্যাকে জয় করেছেন এবং ২০১৯ সালে গোল্ডেন জুবিলী বর্ষে সাফল্যের সঙ্গে পদার্পণ করেছেন। সমস্ত প্রশাসক, এবং কর্মীদের প্রতিও আমি আমার হৃদয়ের গভীর থেকে শুভেচ্ছা জানাই, যারা আপনার সঙ্গে কঠোর পরিশ্রম করছেন।

কন্যাকুমারী জেলার একটি ছোট গ্রামে জন্মগ্রহণ করলেও এবং 'কমিউনিজম' ধারণার মধ্যে বাস করলেও, প্রভুর কাজের জন্য আপনি সমস্ত রকমের সমস্যা, বাধা, বিদ্রূপকে গত ৫০ বছর ধরে জয় করেছেন। আপনার ধৈর্য্য এবং দীর্ঘসহিষ্ণুতার মাধ্যমে আপনি ঐ সমস্ত ক্লেশকে দূরে ঠেলে দিয়েছেন এবং এখন কেউ অস্বীকার করতে পারে না যে আপনি সঠিকভাবেই আপনার পুরস্কার উপভোগ করছেন।

আমি ঘুরে দাঁড়াতে চাই এবং সরকারী অফিসে একসঙ্গে কাজ করার সেই পুরাতন দিনগুলির দিকে তাকাতে চাই। এটা সত্যিই আশ্চর্যের বিষয় যে তখন থেকে চল্লিশটা বছর কেটে গেছে। আহ্বানের প্রতিধ্বনি পত্রিকায় "পাতাল থেকে রাজাপ্রাসাদ" শীর্ষক রচনায় সেই সময় থেকে আপনি আপনার মধুর এবং তিক্ত সমস্ত অভিজ্ঞতাগুলি প্রকাশ করছেন। ঐ অভিজ্ঞতাগুলি সত্য এবং আপনার জীবনে ঐ ঘটনাগুলির অনেক অবদান আছে।

আপনার অক্লান্ত কঠোর পরিশ্রম, গভীর আবেগ, দৃঢ়সকল্প এবং অটল বিশ্বাস আপনাকে যে উচ্চতায় পৌঁছে দিয়েছে তা দেখে আমি আনন্দে বিহ্বল হয়েগেছি।

আপনি কখনও কারও সঙ্গে প্রতিযোগিতা করেননি এবং অত্যন্ত দ্রুতগতিতে দৌড়েছেন; কেউ আপনাকে এই দৌড় প্রতিযোগিতায় দৌড়ানো শুরু করার জন্য ঠেলে দেয়নি, আপনিই নিজে শুরু করেছিলেন। আমি খুব ভালোভাবে জানি যে এই সংস্থাটিকে দৃঢ়রূপে প্রতিষ্ঠিত করার জন্য আপনি সমস্ত দিকে ছুটেছেন, আপনি অসংখ্য বাধা, প্রতিকূলতা এবং শত্রুতা ভেঙ্গে দিয়েছেন, হতাশা, বিশ্বাসঘাতকতা, দোষারোপ ইত্যাদির সম্মুখীন হয়েছেন। অবশেষে আপনি এই বিজয়ী লক্ষ্যে পৌঁছেছেন। আমি শিখেছি যে আমরা অন্যদের কাছ থেকে অসংখ্য উপদেশ পেলেও, আমাদের নিজস্ব সিদ্ধান্তই আমাদের পক্ষে সব থেকে ভাল প্রতিপন্ন হয়। আপনার পরিষ্কার মনে গ্রহণ করা সিদ্ধান্তগুলি পর্যবেক্ষণ করে আমি এই মূল্যবান সত্যটি বুঝেছি। আপনার "আজকের কাজ আজকেই শেষ করতে হবে এবং আজকেই আগামীকালের জন্য পরিকল্পনা করতে হবে" নীতিটি প্রমাণ করে আপনি কে! আমি দেখেছি যে যারা ভদ্র এবং সম্মানীয় আপনি তাদের সঙ্গে ভদ্র এবং সম্মানের সঙ্গে ব্যবহার করেন এবং যারা অসৎ আচারণ করে তাদের প্রতি আপনি কঠোর ব্যবহার করেন। এই সমস্ত চারিত্রিক বৈশিষ্ট্যগুলি প্রমাণ করে যে আপনি প্রকৃত গুণাবলিসহ একজন মহান প্রশাসক।

সরকারী চাকরীতে থাকাকালীন, অসংখ্য উচ্চপদস্থ অফিসার এবং সাধারণ কর্মীরা আপনার প্রতি দয়া দেখিয়েছে। বিভিন্ন পরিস্থিতিতে আপনি তাদের মহান সাহায্য করেছেন। আপনি আমাকে বেশ কয়েকবার বলেছিলেন যে আপনি যখন জটিল সমস্যার সম্মুখীন হয়েছিলেন তারা আপনাকে অনেক সাহায্য করেছিল এবং অসংখ্য বাধা ভেঙ্গে দিতে সাহায্য করেছিল। তাদের প্রতি আপনার কৃতজ্ঞতা আপনার কৃতজ্ঞ হৃদয় এবং উদারতা প্রকাশ করে। সরকারও আপনাকে বিশেষ অনুমতি দিয়ে সম্মানিত করেছে।

আমি আপনার বিভিন্ন পরিচর্যা কাজগুলি গভীরভাবে দেখেছি যার মধ্যে অসংখ্য লোকেরা তাদের সমস্যা এবং রোগ থেকে উদ্ধার লাভ করেছিল, অসংখ্য লোকের প্রত্যাশাগুলি পূরণ হয়েছিল। সমাজের নিচু তলার মানুষরা আপনার পরিচর্যা দ্বারা মহান সাহায্য লাভ করেছিল। আপনি তাদের চিকিৎসা সংক্রান্ত এবং শিক্ষাসংক্রান্ত প্রয়োজনগুলি পূরণ করেছিলেন এবং তাদের উন্নতি করেছিলেন। আপনার পরিচর্যার এই সমস্ত কার্যকলাপগুলি আমার কাছে মনে হয়েছে যে আপনার "ধার্মিকতার" ফল যা আপনার হৃদয়ের গভীরে রোপিত আছে। চেন্নাইয়ে আপনার আগেকার দিনগুলি যদি রাজনীতির পক্ষে আগ্রহ দেখাতো, তাহলে আপনি হয়তো কোনও দলের একজন মহান নেতা হতেন। যেহেতু আপনি সদাপ্রভু ঈশ্বর কর্তৃক আহুত হয়েছিলেন এবং তাঁর দ্বারা আশীর্ব্বাদযুক্ত হয়েছিলেন, সেহেতু আপনি আধ্যাত্মিকতার মধ্যে গভীরভাবে রোপিত হয়েছেন।

আধ্যাত্মিকতা হচ্ছে ঈশ্বরের ইচ্ছা। যেহেতু আপনি দৃঢ়রূপে এটা বিশ্বাস করেন যে আত্মিক শক্তি গৌরবময়, এই বিশ্বাস হচ্ছে আপনার প্রেরণাশক্তি। যেহেতু আপনার মধ্যে আত্মিক শক্তি সমাহিত আছে, সেহেতু ভবিষ্যত লক্ষ্য সম্পর্কে আপনার চিন্তাভাবনা এবং ইচ্ছাগুলিকে সঠিক রূপ দানের জন্য আপনার প্রচেষ্টাগুলি সফল হয়েছে। আপনার জীবন-ধারা পর্যবেক্ষণ করে আমি এটা বুঝেছি।

সদাপ্রভু ঈশ্বর আপনাকে অসাধারণ প্রজ্ঞা এবং শক্তি দিয়েছেন। আপনি যখন বিভিন্ন দুঃখের মধ্যে দিয়ে গেছেন, তখন স্বয়ং প্রভু আপনার সামনে এসেছিলেন এবং আপনাকে উদ্ধার করেছিলেন। ঈশ্বর আপনাকে পরিবারের সদস্যদেরও দিয়েছেন, যারা আপনার ব্যক্তিগত প্রতিকূলতাগুলিকে পরিপক্ক হৃদয়ে গ্রহণ করে। কেউ অস্বীকার করতে পারে না যে প্রভু আপনাকে শিক্ষিত এবং শক্তিশালী প্রশাসক এবং কর্মীদের

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/18-20 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/18-20

দিয়েছেন যাতে আপনার পরিচর্যা কাজ-গুলি,প্রকাশনা,বাইবেল কলেজ, এবং স্কুলের মতো কোনও কাজকে ব্যর্থতা দেখতে না হয়।

এই সময়, আমরা যখন 'আহ্বানের প্রতিধ্বনির' গোল্ডেন জুবিলী উদ্‌যাপন করছি, তখন আপনার শুভ-চিন্তাকারী হিসাবে যে প্রিয় ব্যক্তিরা আমাদের সঙ্গে যুক্ত আছে তাদের সকলকে আমি স্মরণ করছি। আমাদের অস্ট্রেলিয়ার বন্ধু মিঃ হেডেন হাটন এবং ডঃ. বি. জে. কৃষ্ণমূর্ত্তি আমার বিবাহ অনুষ্ঠানে যোগদান করেছিলেন এবং আমাদেরকে শুভেচ্ছা জানিয়েছিলেন। আমি সেই ঘটনাটি ভুলতে পারি না। এছাড়াও, আমি আমার অসংখ্য বন্ধুদের বন্ধুত্বকে স্মরণ করে খুশী হচ্ছি যারা সরকারী অফিসে থাকার সময় আমার সঙ্গে একসঙ্গে কাজ করেছিলেন, যেমন মিঃ সি.মুথু, ডি.কে. ইলুসা, রহমান বাশা, বালাকৃষ্ণান, মুনুসামি, গজেন্দ্রন, জইনূলআবুদীন, পারান্থামান, রামমূর্তি, থাঙ্গাভেলু, মিসেস.পালভান্নাম, মিসেস. টি.ভি.সাবিত্রী, মিসেস জেয়াকুমারী, মিসেস.রাজেশ্বরী, মিসেস. কৃষ্ণবেণী, মিসেস রামিসা বিবি এবং আপনার প্রথম দিকে সহকর্মীগণ, মিঃ. ডি. ডব্লু. দেবাকান্দন, জে.আর.সুন্দররাজ, আর.ই. জেয়ারাজ, জেয়াকুমার মহারাজ, জি. জে. পৌলমানি ডি.রিচার্ড থাম্বি রাজ, এন.স্যাম সুন্দর এবং এম.পলরাজ।

বিশ্রাম ছাড়া দ্রুত কাজ করা আপনার পক্ষে স্বাভাবিক বিষয়। কিন্তু আপনার পরিবারের পরিস্থিতি এবং ব্যক্তিগত স্বাস্থ্যের জন্য এটা আমার বিনম্র অনুরোধ যে আপনি আপনার কাজের গতি কমান এবং শান্তভাবে কাজ করুন।

একটি উক্তি আছে 'উত্তম লোকের সঙ্গে বন্ধুত্ব মধুর'। এটা আমার একমাত্র প্রার্থনা হচ্ছে যে আমাদের "বন্ধুত্বের সেতু" যেন সর্বদা শক্তিশালী হয়।

আমার একান্ত কামনা হচ্ছে আপনার 'আহ্বানের প্রতিধ্বনি' পত্রিকাটি যেন অবিরত প্রকাশিত হয়। আপনার আত্মজীবনী প্রকাশের উদ্যোগটিও সফল হোক।

চিরকালের জন্য আপনার বন্ধু

পি.শিবাপ্রকাশম।

চেন্নাই — ১৬।

১৭.০৭.২০১৮

প্রিয় পাঠকবর্গ, ধৈর্য্য সহকারে এই দীর্ঘ বাণীটি পাঠ করার জন্য ধন্যবাদ। সকল গৌরব এবং সম্মান প্রভু যীশু খ্রীষ্টের হোক। **"যিনি যুগপর্য্যায়ের রাজা, অক্ষয় অদৃশ্য একমাত্র ঈশ্বর, যুগপর্য্যায়ের যুগে যুগে তাঁহারই সমাদর মহিমা হউক। আমেন"** (১তীমথিয় ১:১৭)।

অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

১। প্রার্থনা সভা	: ২৪ ঘণ্টা
২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত)	
৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি	
৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র)	
৫। ডাকযোগে ঐশ্বতাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম)	
৬। মহান আদেশ অংশীদারগণ	
৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ	
৮। চলচ্চিত্রের মাধ্যমে পরিচর্যা এবং ক্রুশেডসমূহ	
৯। সাহিত্য বণ্টন এবং ফলো আপ্	
১০। গস্‌পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ	
১১। সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম)	
১২। রবিবাসরীয় স্কুল	: রবিবার সকাল ৮.৩০ (প্রতি রবিবার)
১৩। তামিল উপাসনাসমূহ	: রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা
১৪। তেলুগু উপাসনা	: রবিবার বিকাল ৪টে
১৫। হিন্দি উপাসনা	: রবিবার বিকাল ৫টা
১৬। মালয়ালাম উপাসনা	: রবিবার বিকাল ৫টা
১৭। ইংরাজী এবং তামিল উপাসনা	: রবিবার সন্ধ্যা ৬টা
১৮। পালকদের পরামর্শদান	: রবিবার বিকাল ৪টে
১৯। মহিলাদের প্রার্থনাসভা	: বুধবার বিকাল ৫.৩০ মিনিট
২০। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা	: বুধবার বিকাল ৬.৩০ মিনিট
২১। পুরুষদের প্রার্থনা	: শুক্রবার বিকাল ৬.৩০ মিনিট
২২। শনিবারের সভা	: শনিবার সন্ধ্যা ৫টা
২৩। কর্মীদের সভা	: শনিবার সন্ধ্যা ৬টা
২৪। গৃহ সভা	: মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনিট
২৫। বিশেষ পবিত্র প্রভুর ভোজ	: প্রতি মাসের ১ম দিন ভোর ৫.৩০ মিনিট
২৬। কর্মীদের পর্যালোচনা	: প্রথম শনিবার, বিকাল ৫:৩০ মিনিট
২৭। পিতা ও মাতাদের প্রার্থনা	: প্রথম রবিবার, বিকাল ৪টে
২৮। উপবাস প্রার্থনা	: শনিবার সকাল ৯.৩০ মিনিট
২৯। নৈশ প্রার্থনা	: শুক্রবার রাত ৯.৩০ মিনিট
৩০। পবিত্র প্রভুর ভোজ	: দ্বিতীয় রবিবারের উপাসনাসভা
৩১। সকালের অনুধ্যান	: প্রতিদিন ভোর ৫টা
৩২। কর্মীদের অনুধ্যান	: প্রতিদিন সকাল ৯ টা

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/18-20
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/18-20
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th NOVEMBER 2018
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

JESUS LOVES YOU!

To

GOD BLESS YOU!

Owned and published by **S. Sam Selva Raj** from No.18, Mohammed Abdullah Street, Chepauk, Chennai-600 005 and printed by him at **Echo of His Call Printers** No. 18, Mohammed Abdullah Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**